বগুড়ায় স্মৃতিসৌধে রাখা যুদ্ধবিমানের লেজের অংশ চুরি



ছবি: সংগৃহীত

বগুড়ার মাটিডালিতে সৌন্দর্যবর্ধনের জন্য স্থাপন করা পুরোনো যুদ্ধবিমানটির লেজের একটি অংশ চুরি হয়েছে। সম্প্রতি রাতের কোনো একসময় দুর্বৃত্তরা অংশটি খুলে নিয়ে যায় বলে জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা।

প্রায় ২১ বছর আগে বগুড়া শহরের সড়ক সম্প্রসারণের সময় নগরের উত্তরের প্রবেশপথ মাটিডালিতে যুদ্ধবিমানটি স্থাপন করা হয়। এরপর থেকে এটি শহরের অন্যতম পরিচিত স্মারক হিসেবে পরিচিতি পায়।

স্থানীয়দের ধারণা, রাতের আঁধারে কেউ বিমানের পেছনের দিকের ছোট একটি অংশ খুলে নিয়ে গেছে। এতে বিমানটির সৌন্দর্যও ক্ষুন্ন হয়েছে।

এ ঘটনায় ক্ষোভ প্রকাশ করে স্থানীয় বাসিন্দারা যুদ্ধবিমানটির নিরাপত্তা জোরদারের দাবি জানিয়েছেন। পাশাপাশি চুরির সঙ্গে জড়িত ব্যক্তিদের শনাক্ত করে শাস্তির আওতায় আনার আহ্বান জানিয়েছেন তাঁরা।

LENS ASIA